

# রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

## হ্যান্ডনোট

শ্রেণীঃ নবম ও দশম

বিষয়ঃ বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

অধ্যায়ঃ তৃতীয় (প্রাচীন বাংলার জনপদ)

### জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

প্রঃ শশাঙ্কের রাজধানী কোথায় ছিল?

উঃ মুর্শিদাবাদ জেলার 'কর্ণসুবর্ণ' নামক স্থানে

প্রঃ কিসের নাম অনুসারে 'পুন্ড্র' জনপদের নাম হয়েছে?

উঃ 'পুন্ড্র' জাতির নাম অনুসারে পুন্ড্র জনপদের নাম হয়েছে (পুন্ড্র নামক এক জাতি এই জনপদ গড়ে তুলেছিল)

প্রঃ কিসের নাম অনুসারে 'বঙ্গ' জনপদের নাম হয়েছে?

উঃ 'বঙ্গ' জাতির নাম অনুসারে বঙ্গ জনপদের নাম হয়েছে (বঙ্গ নামক একটি জাতি এই অঞ্চলে বসবাস করত)

প্রঃ বাংলার সবচেয়ে প্রাচীন জনপদের নাম কী?

উঃ পুন্ড্র

প্রঃ প্রাচীন সভ্যতার নিদর্শনের দিক থেকে বাংলার সবচেয়ে সমৃদ্ধ জনপদ কোনটি?

উঃ পুন্ড্র

প্রঃ প্রাচীন 'পুন্ড্র' জনপদের রাজধানী কোথায় ছিল?

উঃ 'পুন্ড্রবর্ধন' বা 'পুন্ড্রনগর'

প্রঃ প্রাচীন 'পুন্ড্রনগর' বা 'পুন্ড্রবর্ধন' এর বর্তমান নাম কী?

উঃ মহাস্থানগড়

প্রঃ 'মহাস্থানগড়' কোথায় অবস্থিত?

উঃ 'বগুড়া' জেলায়

প্রঃ 'ময়নামতি' কোথায় অবস্থিত?

উঃ 'কুমিল্লা' জেলায়

প্রঃ শালবন বিহার কোথায় অবস্থিত?

উঃ 'কুমিল্লা' জেলায়

প্রঃ গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চলে কোন জনপদের অবস্থান ছিল?

উঃ বরেন্দ্র

প্রঃ প্রাচীন বাংলার কোন জনপদটি বিখ্যাত নৌ-বন্দর ছিল?

উঃ তাম্রলিপ্ত

প্রঃ প্রাচীন বাংলার সবচেয়ে ক্ষুদ্র জনপদ কোনটি?

উঃ চন্দ্রদ্বীপ

প্রঃ বালেশ্বর ও মেঘনা নদীর মধ্যবর্তী স্থানে কোন জনপদের অবস্থান ছিল?

উঃ চন্দ্রদ্বীপ

## অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

প্রঃ বাঙ্গালি জাতির উদ্ভব কোন জনপদ থেকে?

উঃ 'বঙ্গ' জনপদ থেকে

প্রঃ কোন জনপদের অঞ্চল পরিচিতি নিয়ে প্রচুর মতভেদ আছে?

উঃ গৌড়

প্রঃ বরেন্দ্রকে অনেক ঐতিহাসিকই জনপদ বলতে চান না কেন?

উঃ কারণ এই জনপদটি 'পুন্ড্র' জনপদের অভ্যন্তরে অবস্থিত ছিল।

প্রঃ বগুড়া, দিনাজপুর ও রাজশাহীকে কোন জনপদ হিসেবে আখ্যায়িত করা যথাযথ হবে 'পুন্ড্র' নাকি 'বরেন্দ্র'?

উঃ বরেন্দ্র

প্রঃ প্রাচীন বাংলার কোন দুটি জনপদের নামকরণ করা হয়েছে জাতির নামানুসারে?

উঃ 'বঙ্গ' ও 'পুন্ড্র'

প্রঃ 'জনপদ' বলতে কী বোঝায়?

উঃ প্রাচীন যুগে বর্তমান বাংলা ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলে বিভক্ত ছিল। এখনকার বাংলাদেশের মতো একক ও অখন্ড রাষ্ট্র ছিল না। প্রতিটি ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলের শাসকগণ যার যার মত স্বাধীনভাবে শাসন করতেন। প্রাচীন বাংলার এই ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলগুলোকে জনপদ বলা হত। যেমন- উত্তর বঙ্গে ছিল পুন্ড্র ও বরেন্দ্র জনপদ, পূর্ব ও দক্ষিণ-পূর্ব বাংলায় ছিল বঙ্গ, সমতট, হরিকেল ও চন্দ্রদ্বীপ, পশ্চিম বঙ্গে ছিল রাঢ় এবং পশ্চিমবঙ্গে ও উত্তরবঙ্গের কিছুটা নিয়ে ছিল গৌড় জনপদ।

## উচ্চতর দক্ষতামূলক প্রশ্ন ও উত্তর

প্রঃ প্রাচীন জনপদগুলোর বর্তমান অবস্থান চিহ্নিত কর।

উঃ নিচে হকের সাহায্যে প্রাচীন বাংলার বর্তমান অবস্থান চিহ্নিত করা হলোঃ

ক্রমিক নং	জনপদের নাম	জনপদের বর্তমান অবস্থান
০১	পুন্ড্র	রাজশাহী, বগুড়া ও দিনাজপুর জেলা
০২	গৌড়	আধুনিক মালদহ, মুর্শিদাবাদ, বীরভূম ও বর্ধমানের কিছু অংশ এবং বাংলাদেশের চাপাই নবাবগঞ্জ জেলার অংশবিশেষ
০৩	বঙ্গ	ঢাকা, মুন্সীগঞ্জ, ফরিদপুর, কুমিল্লা ও নোয়াখালীর অংশবিশেষ
০৪	হরিকেল	সিলেট থেকে বাংলাদেশের পূর্ব সীমান্ত ঝৈঁষে চট্টগ্রাম পর্যন্ত
০৫	সমতট	কুমিল্লা ও নোয়াখালী
০৬	বরেন্দ্র	রাজশাহী, বগুড়া ও দিনাজপুর জেলা
০৭	তাম্রলিপ্ত	বর্তমান মেদিনীপুর জেলার তমলুক
০৮	চন্দ্রদ্বীপ	বরিশাল

মোঃ সফর আলী

প্রভাষক (ইতিহাস)

রাজশাহী মডেল স্কুল এন্ড কলেজ

কাজীহাটা, রাজশাহী।